



**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**  
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**  
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**  
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ১৩ ভাদ্র ১৪২৯  
২৮ আগস্ট ২০২২

**প্রশাসনিক পরিপত্র নং- ৩৯/২০২২**


কর্পোরেশনের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখের প্রশাসনিক পরিপত্র নং- ৩৯/২০২১ অনুযায়ী ইইএফ উইং, আইসিবি'র যাবতীয় ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ সংশ্লিষ্ট কার্যাদি ইইএফ অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট কর্তৃক সম্পাদনের নির্দেশনা দেয়া হয়েছে। সে প্রেক্ষিতে ইইএফ উইং, আইসিবি'র যাবতীয় ক্রয় কার্য সম্পাদন করার লক্ষ্যে ক্রয় পরিকল্পনার অংশ হিসেবে ব্যয় প্রাক্কলন প্রস্তুত করার নিমিত্ত পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী ইইএফ উইং, আইসিবি'র বিভিন্ন ধরনের ক্রয়ের ক্ষেত্রে নিম্নোক্তভাবে "ব্যয় প্রাক্কলন কমিটি" গঠন করা হলো:

০১. উপ-মহাব্যবস্থাপক  
ইইএফ অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন
০২. উপ-মহাব্যবস্থাপক  
ইইএফ অ্যাপ্রাইজাল ডিভিশন
০৩. সহকারী মহাব্যবস্থাপক  
ইইএফ অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

**কমিটির কার্যপরিধি (TOR):**

- ক) ক্রয়ের খাত নির্ধারণ ও বাজেটের পর্যাণ্ডতা বিবেচনা করা;
- খ) কোন নির্দিষ্ট ক্রয়ের ব্যয় প্রাক্কলন (ভ্যাট ট্যাক্স বিবেচনায় নিয়ে);
- গ) প্রস্তুতকৃত ব্যয় প্রাক্কলনে কমিটির সকল সদস্যের স্বাক্ষর প্রদান; এবং
- ঘ) স্বাক্ষরকৃত ও সীলগালাকৃত ব্যয় প্রাক্কলন দরপত্র উন্মুক্তকরণ কমিটি (TOC) এর নিকট হস্তান্তর।

- ০২। কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতি এবং সহকারী মহাব্যবস্থাপক, ইইএফ অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ০৩। সভাপতির অনুপস্থিতিতে কমিটির জ্যেষ্ঠতম সদস্য সভাপতির দায়িত্ব পালন করবেন।
- ০৪। কমিটি প্রয়োজনে ইইএফ উইং এর যে কোন কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে।
- ০৫। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হল।

  
(বিভাস সাহা)

উপ-মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।